গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২২৭/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ২৯ মে ২০১৯, ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। নরেন্দ্র মোদির শপথে যোগ দিতে তিন দিনের সফরে আজ ভারত যাচ্ছেন রাষ্ট্রপতি

২। প্রধানমন্ত্রী ত্রিদেশীয় সফরে গতকাল জাপান পৌঁছেছেন

৩। জীবনের ঝুঁকি নিয়ে অবৈধভাবে বিদেশ যাবেন না : জাপানে বাংলাদেশীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৪। আমরা বাংলাদেশকে আরেকটি জাপান বানাতে চাই : জাপান টাইমসের নিবন্ধে প্রধানমন্ত্রী

৫। সংসদ লাইব্রেরিকে ডিজিটাল করা হবে : সিঙ্গাপুরে স্পিকার

৬। কৃষকের সুবিধা বিবেচনা করে প্রকল্প নিতে হবে : কৃষিমন্ত্রী

৭। সাড়ে ৪ বছর পর সংবিধান অনুযায়ী নির্বাচন : তথ্যমন্ত্রী

৮। সন্তান প্রসবের ক্ষেত্রে পরিস্থিতি জটিল না হলে সিজার করাবেন না : নিরাপদ মাতৃত্ব দিবসের অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী

৯। অতি অল্প সময়ের মধ্যে স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তরণ ঘটবে : কেনিয়ায় গণপূর্তমন্ত্রী

১০। ডিএনসিসি মেয়র পূর্ণমন্ত্রী, রাজশাহী ও খুলনার মেয়র প্রতিমন্ত্রীর পদমর্যাদায়

১১। মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা নিয়ে মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি

১২। ঈদের রাতে লাঙ্গলবন্দ সেতুতে সংস্কারকাজ : বিকল্প পথে চলার পরামর্শ

১৩। আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস আজ

চলমান পাতা-২

১। নরেন্দ্র মোদির শপথে যোগ দিতে তিন দিনের সফরে আজ ভারত যাচ্ছেন রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ভারতের প্রধানমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদির শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দিতে তিন দিনের সফরে আজ (২৯ মে বুধবার) ভারতে যাবেন। রাষ্ট্রপতির প্রেস সচিব বলেন, রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী একটি বিশেষ বিমান আজ বিকেল সাড়ে ৫টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবে। তিনি বলেন, শপথগ্রহণ অনুষ্ঠানে যোগদানের পর বাংলাদেশের রাষ্ট্রপতি ভারতের রাষ্ট্রপতি রাম নাথ কবিন্দের সাথে সৌজন্য সাক্ষাৎ করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। প্রধানমন্ত্রী ত্রিদেশীয় সফরে গতকাল জাপান পৌঁছেছেন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর ১২ দিনের জাপান, সৌদি আরব ও ফিনল্যান্ডে ত্রিদেশীয় সফরে গতকাল (২৮ মে মঙ্গলবার) জাপান পৌঁছেছেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের নিয়ে স্থানীয় সময় (জাপান সময়) সন্ধ্যা সাড়ে ৬টায় জাপানের হানিদা আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। জাপানের পররাষ্ট্র প্রতিমন্ত্রী তোশিকো আবে এবং টোকিওতে বাংলাদেশের রাষ্ট্রদূত রাবাব ফাতিমা বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। সূত্র-সংবাদ (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

৩। জীবনের ঝুঁকি নিয়ে অবৈধভাবে বিদেশ যাবেন না : জাপানে বাংলাদেশীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের দেওয়া বৈধ সুযোগ-সুবিধার বদলে জীবনের ঝুঁকি নিয়ে অবৈধভাবে বিদেশে না যাওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (২৮ মে মঙ্গলবার) জাপানের সিটি হোটেলে প্রধানমন্ত্রীর সম্মানে জাপানে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের দেয়া সংবর্ধনা অনুষ্ঠানে ভাষণদানকালে তিনি বলেন, আমি ব্যক্তিগতভাবে মনে করি অবৈধভাবে বিদেশে যাওয়ার কোনো প্রয়োজন নেই। বহুলোক তাঁদের গন্তব্য সম্পর্কে না জেনে, চাকরির ধরন না বুঝে ভালো ভবিষ্যতের সন্ধানে বিদেশে পাড়ি জমায়। প্রধানমন্ত্রী দেশবাসীর প্রতি যথাযথভাবে সবকিছু জেনে বৈধভাবে বিদেশে যাওয়ার আহ্বান জানিয়ে বলেন, প্রথমে ডিজিটাল কেন্দ্রে আপনার নাম (বিদেশে চাকরি প্রত্যাশীদের) নিবন্ধন করুন এবং পরে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে সবকিছু জেনে বিদেশে যান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। আমরা বাংলাদেশকে আরেকটি জাপান বানাতে চাই : জাপান টাইমসের নিবন্ধে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জাপানের প্রতি শৈশব থেকেই আমার মুগ্ধতা ছিল। আমি জাপানি চিত্রকলা, ক্যালেন্ডার, ডাকটিকিট, পুতুল প্রভৃতি সংগ্রহ করতাম। জাপান সব সময়ই আমার হৃদয়ের কাছাকাছি ছিল। আমার পিতার কাছ থেকেই এ ভালো লাগা আমার মধ্যে এসেছে। বাংলাদেশ যেন আরেক জাপান হতে পারে তাঁর এ আকাঙ্ক্ষা আমি আমার দেশের মাঝেও ছড়িয়ে দিতে চাই। জাপানের অন্যতম শীর্ষ ইংরেজি দৈনিক জাপান টাইমসে লেখা এক নিবন্ধে জাপানের প্রতি এমন অনুভূতির কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী। গত ২৭ মে সোমবার প্রধানমন্ত্রীর লেখা নিবন্ধটি প্রকাশিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

৫। সংসদ লাইব্রেরিকে ডিজিটাল করা হবে : সিঙ্গাপুরে স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গতকাল (২৮ মে মঙ্গলবার) সিঙ্গাপুর ন্যাশনাল লাইব্রেরি পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে তিনি লাইব্রেরির বিভিন্ন অংশ ঘুরে দেখেন ও কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। এ সময় স্পিকার বলেন, দ্রুততম সময়ের মধ্যেই বাংলাদেশ জাতীয় সংসদ লাইব্রেরিকে ডিজিটাল লাইব্রেরিতে রূপান্তর করা হবে। এ লক্ষে ইতোমধ্যে সংসদ লাইব্রেরির স্থাপত্যশৈলী কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং নতুনভাবে লাইব্রেরিকে সজ্জিত করা হয়েছে, যা সংসদ সদস্যদের লাইব্রেরি ব্যবহারে আকৃষ্ট করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৫,ক.৫)।

৬। কৃষকের সুবিধা বিবেচনা করে প্রকল্প নিতে হবে : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, মাঠ পর্যায়ে কৃষকের সুবিধা, টেকসই প্রভাব, প্রত্যাশা ও ফলাফল বিবেচনা করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। তিনি বলেন, একটি কৃষিপ্রকল্প অনেক স্বপ্ন। কৃষি যান্ত্রিকীকরণকে অগ্রাধিকারভিত্তিক খাত হিসেবে বিবেচনা করে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে নিষ্ঠা, আন্তরিকতা ও সততার সঙ্গে কাজ করতে হবে। গতকাল (২৮ মে মঙ্গলবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) মাসিক সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

৭। সাড়ে ৪ বছর পর সংবিধান অনুযায়ী নির্বাচন : তথ্যমন্ত্রী

বিএনপির মধ্যবর্তী নির্বাচনের দাবি নাকচ করে দিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। তিনি বলেন, একাদশ জাতীয় সংসদ নির্বাচন সংবিধান অনুযায়ী হয়েছে। সাড়ে ৪ বছর পর সংবিধান অনুযায়ী আগামী নির্বাচন হবে। মধ্যবর্তী নির্বাচন নয়, বিএনপিকে আরেকটি নির্বাচনের জন্য আরও সাড়ে চার বছর অপেক্ষা করতে হবে। গতকাল (২৮ মে মঙ্গলবার) রাজধানীর রমনার আইইবি (ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ) মিলনায়তনে হাসুমনির পাঠশালা আয়োজিত 'ঐতিহাসিক ১৭ মে দেশরত্ন শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস' উপলক্ষে আয়োজিত গোলটেবিল আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.৩), **ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৮। সন্তান প্রসবের ক্ষেত্রে পরিস্থিতি জটিল না হলে সিজার করাবেন না :
নিরাপদ মাতৃত্ব দিবসের অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী**

সন্তান প্রসবের ক্ষেত্রে পরিস্থিতি জটিল না হলে সিজার না করানোর পরামর্শ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। নিরাপদ মাতৃত্ব দিবস উপলক্ষে গতকাল (২৮ মে মঙ্গলবার) স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে সংবাদসম্মেলন তিনি এ আহ্বান জানান। জটিলতা এড়াতে প্রসবকালে প্রসূতিকে হাসপাতালে নিয়ে যাওয়ারও পরামর্শ দেন তিনি। মন্ত্রী আরো বলেন, ১৯৯৭ সাল থেকে বাংলাদেশে নিরাপদ মাতৃত্ব দিবস পালন করা হচ্ছে। এসডিজি লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০৩০ সালের মধ্যে মাতৃমত্যু ৭০ জনে নামিয়ে আনার লক্ষ্যে সরকার কাজ করছে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৫), **বনিক বার্তা** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

৯। অতি অল্প সময়ের মধ্যে স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তরণ ঘটবে : কেনিয়ায় গণপূর্তমন্ত্রী

সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। তাই অতি অল্প সময়ের মধ্যে সব সূচক অর্জন করে স্বল্পোন্নত দেশ থেকে বাংলাদেশের উত্তরণ ঘটবে বলে আশা প্রকাশ করেছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। গতকাল (২৮ মে মঙ্গলবার) কেনিয়ার রাজধানী নাইরোবিতে অনুষ্ঠিত জাতিসংঘ বসতি সম্মেলনে বাংলাদেশ স্টেটমেন্ট প্রদানকালে মন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী আরো বলেন, আমি বিশ্বাস করি, জাতিসংঘের এ ঐতিহাসিক সম্মেলনের মাধ্যমে আমরা সমন্বিতভাবে পরিকল্পিত মানববসতি ও পরিকল্পিত নগরের মাধ্যমে অধিক বাসযোগ্য নির্মল পৃথিবী গড়ে তোলার জন্য ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ করতে পারব। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.৫)।

১০। ডিএনসিসি মেয়র পূর্ণমন্ত্রী, রাজশাহী ও খুলনার মেয়র প্রতিমন্ত্রীর পদমর্যাদায়

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলামকে পূর্ণমন্ত্রী এবং রাজশাহীর মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন ও খুলনার মেয়র তালুকদার আবদুল খালেককে প্রতিমন্ত্রীর পদমর্যাদা দিয়েছে সরকার। এ তিন মেয়রের পদমর্যাদা নির্ধারণ করে গতকাল (২৮ মে মঙ্গলবার) আদেশ জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। স্ব স্ব পদে অধিষ্ঠিত থাকাকালে তাঁরা সরকার নির্ধারিত পদমর্যাদার পাশাপাশি বেতন-ভাতা ও অন্যান্য আনুষঙ্গিক সুযোগ-সুবিধা পাবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

১১। মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা নিয়ে মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি

বীর মুক্তিযোদ্ধাদের মাসিক সম্মানী ভাতা স্থগিতকরণ বিষয়ে বিভ্রান্তি দূর করতে গতকাল (২৮ মে মঙ্গলবার) একটি বিজ্ঞপ্তি দিয়েছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। সেখানে উল্লেখ করা হয়, ভারতীয় তালিকাভুক্ত মুক্তিযোদ্ধা, লাল মুক্তিবার্তা তালিকাভুক্ত মুক্তিযোদ্ধা, বেসামরিক গেজেট এবং বাহিনী গেজেটে তালিকাভুক্ত মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা অব্যাহত থাকবে। সূত্র-সংবাদ (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫)।

১২। ঈদের রাতে সংস্কার হবে লাঙ্গলবন্দ সেতু : বিকল্প পথে চলার পরামর্শ

ঈদুল ফিতরের রাতে সংস্কার করা হবে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের লাঙ্গলবন্দ সেতু। কাঁচপুর ও মেঘনা সেতুর মধ্যবর্তী লাঙ্গলবন্দ সেতু সংস্কারের কাজের জন্য ঈদের রাতে এ অংশে যান চলাচল বন্ধ থাকবে। গতকাল (২৮ মে মঙ্গলবার) সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। মহাসড়কে চলাচলকারী হালকা যানবাহনকে বিকল্প পথ হিসেবে মুগড়াপাড়া-কাইকারটেক সেতু-নবীগঞ্জ-মদনপুর সড়ক ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে। ভারী যানবাহনকে কাঁচপুর-ভুলতা-নরসিংদী-ভৈরব সেতু-সরাইল-ব্রাহ্মণবাড়িয়া-কুমিল্লা সড়ক ব্যবহারের পরামর্শ দেওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৪)।

১৩। আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস আজ

আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস আজ। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও যথাযোগ্য মর্যাদায় এ বছর দিবসটি পালন করা হচ্ছে। জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে অংশগ্রহণকারী বিশ্বের সকল দেশের শান্তিরক্ষীদের অসামান্য অবদানকে এ দিনে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হবে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.২), **সমকাল** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** এবার ঈদ উপলক্ষে টার্মিনাল হতে বাস ছাড়ার পূর্বেই চালকের ড্রাইভিং লাইসেন্স, অন্যান্য কাগজপত্র ও পরিবহণের ফিটনেস পরীক্ষা করাতে হবে এবং কোনোভাবেই বাসের ছাদে যাত্রী উঠানো যাবেনা। পুলিশের মহাপুলিশ পরিদর্শকের এ বক্তব্যে সন্তোষ প্রকাশ করে সঠিকভাবে তা কার্যকর করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল, জনকণ্ঠ :** রাজধানীর মালিবাগ মোড়ে পুলিশের গাড়িতে টাইমবোমা বিস্ফোরণের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের ঘটনার জন্য দায়ীদের চিহ্নিত করে কঠোর শাস্তির পাশাপাশি দেশের সার্বিক নিরাপত্তায় নজর দেওয়ার সুপারিশ।

গ. **যুগান্তর :** দীর্ঘদিন বন্ধ থাকার পর সরকার আবারও স্বাভাবিক প্রক্রিয়ায় শিল্প-কারখানায় গ্যাস সংযোগ উন্মুক্ত করার সিদ্ধান্ত নেওয়ায় সাধুবাদ জানিয়ে এ সিদ্ধান্তের দ্রুত বাস্তবায়ন প্রত্যাশা।

ঘ. **যায়যায়দিন :** সন্তান জন্ম দিতে গিয়ে বাড়ি থেকে হাসপাতালে বা এক হাসপাতাল থেকে আরেক হাসপাতালে যাওয়ার পথেই বছরে মারা যায় ৫০ জনেরও বেশি মা-এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে মাতৃমৃত্যুরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ :** কক্সবাজারের রোহিঙ্গা শিবিরে ১৪টি রোহিঙ্গা সন্ত্রাসী গোষ্ঠী সক্রিয় রয়েছে- এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এসব সন্ত্রাসী গোষ্ঠীকে অঙ্কুরেই বিনাশ করার দাবি।

চ. **ঢাকা ট্রিবিউন :** দেশের সকল জনগণের জন্য নিরাপদ ও সুপেয় পানি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান:** সড়ক দুর্ঘটনারোধে ও যানজট এড়াতে সকল যানবাহন ও পথচারীদের ট্রাফিক আইন মানার আহ্বান।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ধানসহ কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিতকরণে স্থানীয় পর্যায়ে ইউনিয়নভিত্তিক কমিটি গঠন করতে হবে।

নিবন্ধ ও ফিচার

বণিকবার্তা পত্রিকায় প্রকাশিত **'তামাক চাষের কুফল ও প্রাসঙ্গিক ভাবনা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, খাদ্য নিরাপত্তা, পুষ্টি, শিক্ষা, কৃষি, অর্থনীতি, গৃহস্থালি, জলবায়ু, মাটি, পানি, মানবস্বাস্থ্য উন্নয়ন, পরিবেশ ও জীববৈচিত্র্য রক্ষা তথা টেকসই উন্নয়নের স্বার্থে তামাক চাষ বন্ধ করা জরুরি।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৮/ ৯.০০ঘন্টা